যায়যায়দিন

তারিখ ... 15-SEP-2008 —
পৃষ্ঠা — ১ — কলাম — ৫

# ঢাবির তিন হলে তল্লাশি আতঙ্কিত ছাত্রদল-ছাত্রলীগ নেতাকর্মীদের হল ত্যাগ

যাযাদি রিপোর্ট,

ঢাকা বিশ্ববিদ্যালয়ের তিন হলে গতকাল মধ্যরাতে পুলিশ তল্লাশি চালিয়েছে। রাত সাড়ে ১১টা থেকে ফজলুল হক হল, অমর একুশে ও শহীদুল্লাহ হলে পুলিশ একযোগে তল্লাশি শুরু করে।

এর আগে রাত ১০টা থেকে চানখারপুল মোড়, দোয়েল চত্বর ও হাইকোর্টের সামনে ব্যারিকেড দিয়ে পুলিশ আইডি কার্ড দেখে ছাত্রদের হলে ঢোকার সুযোগ দেয়। রাত ১টায় এ রিপোর্ট লেখা পর্যন্ত তল্লাশি চলছিল। তবে শেষ সংবাদ পাওয়া পর্যন্ত কিছুই উদ্ধার করা সম্ভব হয়নি।

জানা গেছে, গত সপ্তাহে ক্যাম্পাসে ছাত্রদল ও ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে সংঘর্ষের জের ধরে পৃ৪ ›› ক২

## ঢাবির তিন হলে

(প্রথম পৃষ্ঠার পর)

হলে হলে উত্তেজনা বিরাজ করছে। এরই জের ধরে তল্লাশি চালানো হচ্ছে বলে জানা গেছে।

তবে বিশ্ববিদ্যালয়ের 'উত্তরপাড়া'সহ অন্য হলগুলোতে পুলিশ তল্লাশি না চালালেও রাতে এসব হল ছেড়ে যাচ্ছিল ছাত্রদল ও ছাত্রলীগ নেতাকর্মীরা। ক্যাম্পাসজুড়েই দুই সংগঠনের নেতাকর্মীদের মধ্যে এ আতঙ্ক বিরাজ করছিল বলে জানা গেছে।